

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.৩১০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি'র সহধর্মিণী বেগম শিলা ইসলাম গত ২৩ অক্টোবর ২০১৭ তারিখে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

২। বেগম শিলা ইসলাম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৫ কার্তিক ১৪২৪/৩০ অক্টোবর ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৩৪৭৩ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৫ কার্তিক ১৪২৪

ঢাকা: -----

৩০ অক্টোবর ২০১৭

জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি'র সহধর্মিণী বেগম শিলা ইসলাম গত ২৩ অক্টোবর ২০১৭ তারিখে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইমালিগ্নাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

যুক্তরাজ্যে বেড়ে-ওঠা বেগম শিলা ইসলাম লন্ডনের মেট্রোপলিটন ইউনিভার্সিটি এবং ইউনিভার্সিটি অব নটিংহাম থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করার পর লন্ডনেই শিক্ষকতা পেশায় আত্মনিয়োগ করেন। তিনি ১৯৮৭ সালের জুলাই মাসে সৈয়দ আশরাফুল ইসলামের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। সহজাত প্রবণতায় এই বিদুষী নারী ছিলেন বিনয়ী, বন্ধুবৎসল, সদালাপী, অমায়িক, নিরহংকার, পরোপকারী এবং সরল ও অনাড়ম্বর জীবন-যাপনে অভ্যস্ত এক অনন্যসাধারণ ব্যক্তিত্ব। তাঁর আত্মপ্রত্যয়, মমত্ববোধ, পরার্থপরতা ও আকর্ষণীয় ব্যক্তিত্ব সমাজজীবনে তাঁকে জনপ্রিয়তার সুউচ্চ অবস্থানে অধিষ্ঠিত করে। তাঁর নীতি, আদর্শ ও আচরণ-মাধুর্যে বিমুগ্ধ হয়েছে কাছে-যাওয়া সর্বস্তরের মানুষ, উজ্জীবিত হয়েছে শিশু-কিশোর এবং আশ্বস্ত হয়েছে অসহায় ও দুঃখিজন। রাজনীতিতে প্রত্যক্ষ সংশ্লিষ্টতা না থাকলেও সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে তাঁর ছিল স্বভাবসুলভ সচেতন সম্পৃক্ততা। তিনি কিশোরগঞ্জের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা রাখেন। বিশেষ করে, শহিদ সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার ক্ষেত্রে শিক্ষানুরাগী বেগম শিলা ইসলামের উৎসাহব্যঞ্জক উদ্যোগ সর্বমহলে প্রশংসিত হয়। শিশুদের মানসিক বিকাশে শিক্ষামূলক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড এবং সামাজিকীকরণ প্রক্রিয়া-সংশ্লিষ্ট বিভিন্ন সাংগঠনিক তৎপরতায় তাঁর উদ্যোগ ছিল প্রশংসনীয়।

মাননীয় জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের সুযোগ্য সহধর্মিণী হিসাবে বেগম শিলা ইসলাম তাঁকে তাঁর রাজনৈতিক, সামাজিক ও পারিবারিক জীবনাচরণে আজীবন অনুপ্রেরণা ও সমর্থন যুগিয়েছেন। তাঁর ঐকান্তিক পরিচর্যায় বেড়ে-ওঠা একমাত্র কন্যা রিমা ইসলাম লন্ডনে ব্যাংকিং পেশায় দক্ষতা ও সাফল্য অর্জনের মধ্য দিয়ে নিজেই সূপ্রতিষ্ঠিত করেছেন।

বেগম শিলা ইসলাম-এর অকাল মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট সমাজকর্মী, শিক্ষানুরাগী ও মহীয়সী নারীকে হারাল।

মন্ত্রিসভা বেগম শিলা ইসলাম-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd